



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৪৯০০.০১৭.৯৯.০০৩.১৯-৪৮

তারিখ: ০৩ মাঘ ১৪২৭
১৭ জানুয়ারি ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মো: হামায়ুন কবীর ছক্কু, চেয়ারম্যান, কোদালকাটি ইউনিয়ন পরিষদ, চররাজিবপুর, কুড়িগ্রাম-কে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত হাট/বাজার ইজারা নিলাম প্রদানের ক্ষেত্রে সরকারি বিধান লঙ্ঘন, ভিজিডি কার্ড প্রদান ও নাম পরিবর্তনের ক্ষেত্রে অনিয়ম, কার্ডের ডুপ্লিকেশন, এক ওয়ার্ডের বাসিন্দাকে অন্য ওয়ার্ডের সুবিধা প্রদানসহ হাটের শেড ও ব্রীজের মালামালসমূহ সরকারি নির্দেশ মোতাবেক নিলাম না করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৭ জানুয়ারি, ২০২১ তারিখের ৪৭ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৭.১.২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল: up1lgd@gmail.com

জনাব মো: হামায়ুন কবীর ছক্কু
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) কোদালকাটি ইউনিয়ন পরিষদ,
চররাজিবপুর, কুড়িগ্রাম।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চররাজিবপুর, কুড়িগ্রাম।
- ✓ ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।